

নং শিম/শাঃ১৪/বিবিধ-২-৬/২০০৯/ ২০৭

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪১৮
০৬ মার্চ ২০১২

প্রজ্ঞাপন

বিষয়ঃ মাদরাসা শিক্ষা যুগোপযোগীকরণ।

মাদরাসা শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগীকরণ, মাদ্রাসা শিক্ষার গুণগত মান উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের উচ্চ শিক্ষায় ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে নিম্নরূপ আদেশ জারি করা হলোঃ

- ১) মাদরাসা শিক্ষার স্বতন্ত্র বৈশিষ্ট্য অক্ষুণ্ন রেখে দাখিল ৬ষ্ঠ -৮ম শ্রেণিতে বাংলা (১ম ও ২য় পত্র) ও ইংরেজি (১ম ও ২য় পত্র) বিষয়ে সাধারণ শিক্ষার অনুরূপ ১৫০ নম্বর নির্ধারণ করা হবে। আবশ্যিক নম্বর হবে ৬৫০। আরবি ও ইসলামি বিষয়গুলোর নম্বর অপরিবর্তিত থাকবে। সর্বমোট ১২০০ নম্বর হবে।
- ২) দাখিল ৯ম-১০ম শ্রেণিতে সাধারণ শিক্ষার ৯ম-১০ শ্রেণির অনুরূপ বাংলা (১ম ও ২য় পত্র) ও ইংরেজি (১ম ও ২য় পত্র) বিষয়ে ২০০ নম্বর করে নির্ধারিত হবে। আবশ্যিক নম্বর হবে ৭০০। আরবি ও ইসলামি বিষয়ের ৫০০ নম্বর অপরিবর্তিত থাকবে ও ঐচ্ছিক বিষয়ের ১০০ নম্বরসহ সর্বমোট ১৩০০ নম্বর হবে।
- ৩) জাতীয় শিক্ষানীতি-২০১০ এ বর্ণিত মাদরাসা শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন কল্পে আবশ্যিক বিষয়ের পাঠ্যপুস্তক সমূহ এন. সি. টি. বি ও মাদরাসা শিক্ষা বোর্ডের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট বিষয়ের বিষয় বিশেষজ্ঞ দ্বারা মাদরাসা শিক্ষার বৈশিষ্ট উপযোগী করে মুদ্রণ ও প্রকাশ করা হবে।
- ৪) ২০১৩ শিক্ষাবর্ষ হতে এ আদেশ কার্যকর হবে।

জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে-

স্বাক্ষরিত/-

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

সচিব

শিক্ষা মন্ত্রণালয়

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত গেজেটের ৩০০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

নং শিম/শাঃ১৪/বিবিধ-২-৬/২০০৯/ ২০৭

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪১৮
০৬ মার্চ ২০১২

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। উপাচার্য, সকল বিশ্ববিদ্যালয়।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৮। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৯। যুগ্ম-সচিব (মাধ্যমিক/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়।
- ১০। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১৩। প্রকল্প পরিচালক, এসইএসডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১৪। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১৫। উপ-সচিব (মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়।
- ১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৭। সিনিয়র সহকারী সচিব, শাখা-১ (প্রশাসন ও সংস্থাপন), শিক্ষা মন্ত্রণালয়।
- ১৮। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (তৌকে প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ১৯। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ জমিয়াতুল মোদারেরেছীন, ৫৪/এবি মহাখালী, গুলশান, ঢাকা।
- ২০। অফিস নথি।

(মুহাম্মদ নূরুল ইসলাম)

উপ-সচিব (মাদ্রাসা)

৭১৬৪৭৫০